

নম্বর : ১০.০০.০০০০.১২৯.১৮.০৩৮.২০.২৫৬

তারিখ : ১০ ফাল্গুন ১৪৩২
২৩ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯-এর বিধানসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উক্ত বিধিমালার অধীন নিম্নলিখিত বিষয়সমূহ অফিস শৃঙ্খলা পরিপন্থী ও শাস্তিযোগ্য অপরাধ :


- (ক) বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিতি;
- (খ) বিনা অনুমতিতে অফিস ত্যাগ;
- (গ) বিলম্বে অফিসে উপস্থিতি।

০২। এমতাবস্থায়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক শৃঙ্খলা সমুন্নত রাখা ও প্রশাসনিক কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) সকল কর্মকর্তা ও কর্মচারীকে কর্মদিবসে সকাল ৯.০০ মিনিটের মধ্যে নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকতে হবে;
- (খ) অফিস সময়ে শেষ হওয়ার পূর্বে অর্থাৎ (পবিত্র মাহে রমজান উপলক্ষে বিকাল ৩.৩০মিনিট এবং রমজান পরবর্তী সময় বিকাল ৫.০০ মিনিটের) পূর্বে কেউ নিজ দপ্তর ত্যাগ করবে না;
- (গ) অফিস চলাকালীন দাপ্তরিক বা জরুরি প্রয়োজনে কর্মকর্তা-কর্মচারীগণকে নিজ অনুবিভাগের প্রধান (যুগ্মসচিব/সলিসিটর)-এর অনুমতি গ্রহণকরত: সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর তফসিল অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তরে রক্ষিত 'অফিস ত্যাগের রেজিস্ট্রার' এ এন্ট্রি: এবং ডিজিটাল হাজিরা প্রদানকরত: অফিস ত্যাগ করতে হবে;

০৩। অনুচ্ছেদ ০২-এর ব্যত্যয় ঘটিয়ে কোন কর্মকর্তা-কর্মচারী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, অফিস ত্যাগ, বিলম্বে অফিসে উপস্থিত হলে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ ও সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(কামরুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

ফোন : ২২৩৩৫৭৪২০

section5@lawjusticediv.gov.bd

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), আইন ও বিচার বিভাগ।
- ২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ।
- ৩। প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), আইন ও বিচার বিভাগ।
- ৪। স্টাট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর/কম্পিউটার অপারেটর (সকল), আইন ও বিচার বিভাগ।
- ৫। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক (সকল), আইন ও বিচার বিভাগ।
- ৬। হিসাব শাখার কর্মকর্তা ও কর্মচারী (সকল), আইন ও বিচার বিভাগ।
- ৭। অফিস সহায়ক (সকল), আইন ও বিচার বিভাগ।
- ৮। গাড়িচালক (সকল), আইন ও বিচার বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব-এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৫। যুগ্মসচিব (সকল)/রেজিস্ট্রেশন/সলিসিটর-এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৬। উপসচিব/উপসলিসিটর (সকল)-এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৭। অফিস কপি।


(কামরুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)